

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,
উপজেলা কার্যালয়, মিরপুর, কুষ্টিয়া।
doict.mirpur.kushtia.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৫০৯৪.০০০.৩২.০০১.২৩-০৩

তারিখ: ২১ চৈত্র, ১৪২৯ বঃ
৪ এপ্রিল, ২০২৩ খ্রি.

বিষয়: শেখ রাসেল ডিজিটাল ল্যাবের নিরাপত্তা জোরদারকরণ ও ডিভাইসসমূহের সঠিক ব্যবহার প্রসঙ্গে।


সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুষ্টিয়া স্মারক নং: ৫৬.০৪.৫০০০.০০১.১৪.০০৩.১৯-১৫, তারিখঃ
২৭/০৩/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘ দিন বন্ধ থাকায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম ব্যবহার না করার কারণে ল্যাবগুলোতে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী যেমনঃ ল্যাপটপ, ডেস্কটপ, এল ই ডি টিভি, প্রিন্টার, স্ক্যানার, রাউটার ইত্যাদি যন্ত্রাংশ সমূহ নষ্ট, চুরি/খোয়া যেতে পারে এবং অনেকদিন ধরে ল্যাপটপসমূহের ব্যাটারিগুলো চার্জ না দেয়ার ফলে সেগুলো ক্ষতি বা নষ্ট হয়ে যেতে পারে।

এমতাবস্থায়, শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রীও অন্যান্য মালামাল রক্ষনাবেক্ষণের বিষয়ে নিম্নলিখিত নির্দেশনাসমূহ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলঃ

- শেখ রাসেল ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থা(কলাপসিবল গেট, জানালায় অতিরিক্ত গ্রিল ও সিসি ক্যামেরা স্থাপন) জোরদার করা।
- বন্ধের সময় ল্যাব এবং অন্যান্য যন্ত্রাংশসমূহ নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন করা করা।
- প্রতি সপ্তাহে অন্তত একবার ল্যাপটপসমূহে চার্জ দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হল।

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক,
-----কলেজ/বিদ্যালয়,
মিরপুর, কুষ্টিয়া।


মোঃ মিরাজুল ইসলাম
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,
উপজেলা কার্যালয়, মিরপুর, কুষ্টিয়া।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), কুষ্টিয়া।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, মিরপুর, কুষ্টিয়া।
- ২) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুষ্টিয়া।
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া।
- ৪) অফিস কপি।